# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## কর কমিশনারের কার্যালয়
## কর অঞ্চল-১৩, ঢাকা।
## ১৫, পুরানা পল্টন (চৌধুরী কমপ্লেক্স), ঢাকা।

নথি নং-১ই-৫৯/কঃঅঃ-১৩/২০২৩-২০২৪/৩১৮

তারিখঃ ১৫ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ
৩০ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, কর-১ শাখা এর স্মারক নম্বর-০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.২১৩, তারিখঃ ১৭ মে ২০২৩ খ্রিঃ মোতাবেক প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে কর কমিশনার, কর অঞ্চল-১৩, ঢাকা এর অধীনে ১১ তম হতে ২০ তম গ্রেডের শূন্য পদে সরাসরি কোটায় অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে ঢাকা বিভাগের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে(http://tax13.teletalk.com.bd) আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১. | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১১<br>টাকাঃ ১২,৫০০-৩০,২৩০ | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রি পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ও ইংরেজিতে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | ঢাকা সিভিল ডিভিশনের (ঢাকা বিভাগ) রাজবাড়ী জেলা ব্যতীত অন্যান্য সকল জেলা। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ঢাকা বিভাগের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২. | ব্যক্তিগত সহকারী<br>গ্রেড-১৩<br>টাকাঃ ১১,০০০-২৬,৫৯০ | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) সাঁটলিপি লিখনে গতি প্রতি মিনিটে বাংলায় ৫০ শব্দ ও ইংরেজিতে ৮০ শব্দ এবং কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দ থাকতে হবে। | |
| ৩. | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>টাকাঃ ১০,২০০-২৪,৬৮০ | ০২ (দুই)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ। | |
| ৪. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>টাকাঃ ১০,২০০-২৪,৬৮০ | ০৪ (চার)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি পরিক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপি লিখনে গতি প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ ও ইংরেজিতে ৭০ শব্দ এবং কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দ থাকতে হবে। | |
| ৫. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>টাকাঃ ৯,৩০০-২২,৪৯০ | ০৫ (পাঁচ)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) Word Processing, Data Entry ও Typing ইত্যাদির ক্ষেত্রে মিনিটে সর্বনিম্ন বাংলা ও ইংরেজিতে টাইপের গতি যথাক্রমে ২০ শব্দ ও ২০ শব্দ থাকতে হবে। | |
| ৬. | গাড়ি চালক<br>গ্রেড-১৬<br>টাকাঃ ৯,৩০০-২২,৪৯০ | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা গাড়ী চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী; এবং<br>গ) গাড়ি চালানোর বাস্তব অভিজ্ঞতা। | |
| ৭. | নোটিশ সার্ভার<br>গ্রেড-২০<br>টাকাঃ ৮,২৫০-২০,০১০ | ০৩ (তিন)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা সিভিল ডিভিশনের (ঢাকা বিভাগ) সকল জেলা। |
| ৮. | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>টাকাঃ ৮,২৫০-২০,০১০ | ১১ (এগারো)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৯. | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>টাকাঃ ৮,২৫০-২০,০১০ | ০৩ (তিন)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

০১. প্রার্থীর বয়সঃ
(ক) ০১/০৯/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বৎসর এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের বয়সসীমা ১৮-৩২ বৎসর।

(খ) সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের বিপরীতে কর বিভাগের কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

০২. সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৩. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৪. সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

০৫. প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থীর যোগ্যতা যাচাইয়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক ক হতে ঝ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক সদ্য তোলা পাসর্পোট সাইজের ২ কপি রঙ্গিন ছবিসহ প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ছায়ালিপি দাখিল করতে হবে।

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ)।

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

(ঘ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণক।

(ঙ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ছায়ালিপি ।

(চ) Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও প্রবেশ পত্র (Admit Card)
(ছ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে ধারাবাহিকতার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

(জ) শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গাষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।
(ঝ) গাড়ি চালক পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত ছায়ালিপি ।

৬। সার্টিফিকেট, জন্মতারিখ, জাতীয় পরিচয়পত্র, জন্মস্থান অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময়সূচি কর অঞ্চল-১৩, ঢাকার নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে www.taxeszone13dhaka.gov.bd জানানো হবে এবং প্রার্থীদের মুঠোফোনে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

৮. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০. উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্য রয়েছে এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ বিধি-বিধান প্রযোজ্য হবে।

১১. নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
১২. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ

ক. আবেদন করতে ইচ্ছুক ব্যক্তি (http://tax13.teletalk.com.bd) এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১০/১২/২০২৩ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা (স্থানীয় সময়)।

(ii) Online এ আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ ও সময় ৩১/১২/২০২৩ খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা (স্থানীয় সময়)। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র দাখিল এর সময় থেকে ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ pixel) ও সদ্য তোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র সাবমিট করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ

(i) Online এ আবেদনপত্র (Application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করার পর আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Application Preview দেখা যাবে। নির্ভুল ভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Application's copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

(ii) Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ১ নং ক্রমিকের জন্য ৩০০/-(তিনশত টাকা); টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৩৫ /-(পয়ঁত্রিশ টাকা) সহ (অফেরতযোগ্য) মোট ৩৩৫/-(তিনশত পঁয়ত্রিশ টাকা), ২-৬ নং ক্রমিকের জন্য ২০০/- (দুইশ টাকা); টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ টাকা) সহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ টাকা) এবং ৭-৯ নং ক্রমিকের জন্য ১০০/- (একশত টাকা); টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার টাকা) সহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বার টাকা) অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন।

**(iii) এখানে বিশেষ ভাবে উল্লেখ্য যে, "Online আবেদনপত্রের সকল অংশ পুরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online এ পুরণকৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

**প্রথম SMS**: TAX13<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

[Example: **TAX13 ABCDEF**] Reply: Applicant's Name, Tk- 335/223/112 will be charged as application fee. Your PIN is 12345678.

**দ্বিতীয় SMS**: TAX13<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

[Example: **TAX13 YES 12345678**]

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for TAX13 Application for post name ( xxxxxxxx) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://tax13.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

User ID জানা থাকলে TAX13<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: **TAX13 Help User ABCDEF** & send to 16222
PIN Number জানা থাকলে: TAX13<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: **TAX13 Help PIN 12345678** & send to 16222

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কর অঞ্চল-১৩, ঢাকা এর www.taxeszone13dhaka.gov.bd ওয়েবসাইটে http://tax13.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/tax13 ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা taxzone13@yahoo.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject Organization Name: **TAX13**, Dhaka, Post Name. *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য । প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

স্বাক্ষরিত/=
৩০/১১/২০২৩
(মোঃ জোবায়ের আহাম্মেদ)
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কর অঞ্চল-১৩, ঢাকা।
ফোন: ২২৩৩৫৮৯৭৬

GD- 1894